দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 8 FEB 2003
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

## প্রাথমিক শিক্ষার কারিকুলাম পরিবর্তন করা হবে

----------গণশিক্ষা প্রতিমন্ত্রী

॥ কুমিল্লা সংবাদদাতা ॥

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন বলেছেন, প্রাথমিক শিক্ষার কারিকুলাম পরিবর্তন করা হবে। শিগগিরই সরকার গণশিক্ষা ও প্রাথমিক শিক্ষা নীতি করতে যাচ্ছে। শনিবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রাথমিক শিক্ষা বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রণালয়ের সচিব বদরুল আলম তরফদারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আতিকুর রহমান, অধ্যক্ষ প্রফেসর ড. আব্দুল মতিন, আব্দুর রউফ চৌধুরী, মো. মনজুরুর রহমান প্রমুখ।